প্রমাণক-১.১. নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী ।

শেখ হাসিনার নির্দেশ

জলবায়ু সহিষ্ণু

বাংলাদেশ

গণপ্রজাত

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম

এথনোবোটানী ও ইকোনমিক শাখা

চিড়িয়াখানা রোড, মিরপুর-১, ঢাকা-১২১৬।

নম্বর ২২.০৫.০০০০.০০৮.০৬.০০১.২১.১২-৪৯১

তারিখ: ৬ পৌষ ১৪২৮

২১ ডিসেম্বর ২০২১

সভার নোটিশ

বিষয়: **জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বিষয়ক নৈতিকতা কমিটির সভা ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নের নিমিত্ত সংশ্লিষ্ট কাজের অগ্রগতি পর্যালোচনা করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নৈতিকতা কমিটির এক সভা আগামী ২৭ ডিসেম্বর রোজ সোমবার বিকাল ৩.০০ ঘটিকায় কমিটির আহবায়ক ও পরিচালক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম এর সভাপতিত্বে তাঁর কক্ষে ( কক্ষ নং-২০১) অনুষ্ঠিত হবে ।

২ । উক্ত সভায় নৈতিকতা কমিটির সকল সদস্যকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো ।

২১-১২-২০২১

খন্দকার কামরুল ইসলাম

উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (রুটিন দায়িত্ব)

ফোন: ৫৮০৫৩৬৪৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম

২) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, গবেষণা ও পরিকল্পনা বিভাগ, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম

৩) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (রুটিন দায়িত্ব), ডাইকট শাখা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম

৪) প্রোগ্রামার, ডকুমেন্টেশন শাখা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম

শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম
চিড়িয়াখানা রোড, মিরপুর-১, ঢাকা-১২১৬।
www.bnh.gov.bd

বিষয়ঃ বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা **২০২১-২০২২** এর আওতায় নৈতিকতা বিষয়ক কমিটির ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) সভার কার্যবিবরণী ।

সভাপতিঃ সঞ্জয় কুমার ভৌমিক

পরিচালক (অতি: দায়িত্ব)

তারিখঃ ২৭ ডিসেম্বর ২০২১ খ্রিঃ

সময়ঃ বিকাল ৩.০০ ঘটিকা

স্থানঃ পরিচালকের কক্ষ (কক্ষ নং ২০১), বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম

উপস্থিতিঃ উপস্থিতির তালিকা পরিশিষ্ট-"ক" ।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে নৈতিকতা কমিটির সদস্য সচিব উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব খন্দকার কামরুল ইসলাম বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সভাকে অবহিত করেন। তিনি সভাকে আরও জানান যে, হারবেরিয়াম কর্তৃক প্রণীত চলতি বছরের শুদ্ধাচার বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক। এছাড়াও গত ত্রৈমাসিকে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভায় গৃহীত সকল সিদ্ধান্ত ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে । আলোচনায় অংশ নিয়ে উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মাহবুবা সুলতানা হারবেরিয়াম ভবনের মেঝের বিভিন্ন স্থানে দাগ পরিস্কার করায় কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন । এ পর্যায়ে, আলোচনায় অংশ নিয়ে প্রোগ্রামার জনাব মোহাম্মদ রাশেদুল হাকিম, শীতকালে হারবেরিয়াম চত্বরে সৌন্দর্যবৃদ্ধির জন্য মৌসুমী ফুল গাছ রোপণ করার প্রস্তাব করেন । আলোচনার এ পর্যায়ে, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. সরদার নাসির উদ্দিন, হারবেরিয়াম চত্বর এবং ভবনের ভেতরে মশা নিয়ন্ত্রণে কার্যকর ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেন। আলোচ্য বিষয়ের উপর বিস্তারিত আলোচনার শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণে উপস্থিত সকলে একমত পোষণ করেন ।

০২। সভার সিদ্ধান্তসমূহ:

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তার নাম | বাস্তবায়নের মেয়াদ |
|---|---|---|---|
| ১। | হারবেরিয়াম চত্বরে সৌন্দর্যবৃদ্ধির জন্য শীতকালীন ফুলের গাছ রোপণ করতে হবে । | জনাব খন্দকার কামরুল ইসলাম, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | ৩১ ডিসেম্বর, ২০২১ |
| ২। | হারবেরিয়াম চত্বর এবং ভবনের ভেতরে মশা নিয়ন্ত্রণের কার্যকর ব্যবস্থা করতে হবে । | জনাব মোহাম্মদ এমদাদুল হক, বৈজ্ঞানিক কর্মকর্তা ও সহকারী পরিচালক, প্রশাসন (অতি: দা:) | ৩১ ডিসেম্বর, ২০২১ |
| ৩। | হারবেরিয়াম ভবনের মেঝের দাগ পরিস্কার করতে হবে । | জনাব মোহাম্মদ এমদাদুল হক, বৈজ্ঞানিক কর্মকর্তা ও সহকারী পরিচালক, প্রশাসন (অতি: দা:) | ৩১ ডিসেম্বর, ২০২১ |

০৩। হারবেরিয়ামের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ এর ২য় কোয়ার্টারের সকল কর্মসূচি শতভাগ নির্ধারিত সময়ের মধ্যে সঠিকভাবে সম্পন্ন করার জন্য সভাপতি সবাইকে ধন্যবাদ জানান। পরিশেষে নিজ নিজ দায়িত্বের প্রতি আরোও আন্তরিক হওয়ার অনুরোধ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭.১২.২২

(সঞ্জয় কুমার ভৌমিক)
অতিরিক্ত সচিব
ও
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম
ফোন: ৯০০০৬৭৬।

বিতরণ: জেষ্ঠ্যতার ক্রমাণুসারে নয়।

১) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, গবেষণা ও পরিকল্পনা বিভাগ, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম।

২) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাইকট শাখা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম।

৩) প্রোগ্রামার, ডকুমেন্টশন শাখা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম।

৪) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, ইথনোবোটানী ও ইকোনমিক শাখা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম।

৫) বৈজ্ঞানিক কর্মকর্তা ও সহকারী পরিচালক, প্রশাসন (অতি: দা:), বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম।

# পরিশিষ্ট 'ক'

## শুদ্ধাচার কার্যক্রম বিষয়ক নৈতিকতা কমিটির সভায় উপস্থিতির তালিকা

তারিখ : ২৭ ডিসেম্বর, ২০২১ খ্রি., রোজ: সোমবার
সময় : দুপুর ৩.০০ ঘটিকা
স্থান : কক্ষ নং-২০১, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম।

| ক্রম. | নাম ও পদবী | মোবাইল ও ইমেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | ড. সরদার নাসির উদ্দিন<br>সিনিয়র বৈজ্ঞানিক অফিসার | 01914007503<br>nsarder@yahoo.com | [signature]<br>29.12.2021 |
| ২। | ড. মাহবুবা সুলতানা<br>ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | 01935804886<br>mahbuba9471@gmail.com | [signature] |
| ৩। | মোহাম্মদ রাশেদুল হাকিম<br>প্রোগ্রামার | 01552380999<br>rashedulhakim@gmail.com | [signature]<br>29/12/2021 |
| ৪। | খন্দকার কামরুল ইসলাম<br>ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | 01718257045<br>orchidku.islam@gmail.com | [signature]<br>29/12/21 |
| ৫। | | | |
| ৬। | | | |
| ৭। | | | |